

**B.A. Semester-II (Honours) Examination, 2018****BENGALI****Subject Code: 20101****Course Code: AHBNG-201C-3****Course Title: বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)****Time: 2 Hours****Full Marks: 40***The figures in the margin indicate full marks.**Candidates are required to give their answers in their own words as far as practicable.*

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

- (ক) ভারতীয় আর্যভাষা কটি ভাগে বিভক্ত? কোন আর্যভাষা থেকে বাংলা ভাষার উদ্ভব?
- (খ) বাংলা সাহিত্যে প্রাচীন যুগের কালসীমা লেখো। বাংলা সাহিত্যের প্রাচীনতম গ্রন্থটির নাম লেখো।
- (গ) প্রাক্‌চৈতন্য যুগের দুজন বৈষ্ণবপদকর্তার নাম লেখো।
- (ঘ) 'চৈতন্যভাগবত' ও 'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃতের' রচয়িতাদের নাম লেখো।
- (ঙ) মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যটির কালজ্ঞাপক শ্লোকটি লেখো।
- (চ) কৃষ্ণিবাসী রামায়ণের আসল নাম কী? এটি কবে রচিত হয়?
- (ছ) মনসামঙ্গলের আদিকবি কে? বিজয়গুপ্ত কোথায় জন্মগ্রহণ করেন?
- (জ) ধর্মমঙ্গলে কয়টি কাহিনি আছে? কী কী?
- (ঝ) কৃষ্ণদাস কবিরাজের 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থে প্রতিটি লীলায় কটি করে অধ্যায় আছে?
- (ঞ) 'মৈথিল কোকিল' কাকে বলা হয়? তিনি কোথায় জন্মগ্রহণ করেন?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

- (ক) বাংলা সাহিত্যে তুর্কি আক্রমণের প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- (খ) চৈতন্যজীবনী কাব্য রচনায় কৃষ্ণদাস কবিরাজের অবদান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- (গ) 'গোবিন্দদাস যত বড়ো ভক্ত তত বড়ো কবি'—মন্তব্যটির আলোকে গোবিন্দদাসের পদাবলি নিয়ে সংক্ষেপে আলোচনা করো।
- (ঘ) মহাভারতের অনুবাদে কাশীরাম দাসের কৃতিত্ব বিচার করো।
- (ঙ) ঘনরাম চক্রবর্তীর ধর্মমঙ্গল কাব্যকে 'রাঢ়ের জাতীয় মহাকাব্য' বলা হয় কেন সংক্ষেপে আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) চর্যাগীতিগুলি ধর্মগীতি হয়েছে সাহিত্য হয়েছে উঠেছে—আলোচনা করো।
- (খ) চৈতন্যচরিত সাহিত্যের ইতিহাসে বৃন্দাবনদাসের 'চৈতন্যভাগবত'-এর গুরুত্ব আলোচনা করো।
- (গ) 'কৃষ্ণিবাসের রামায়ণ বাঙালীর রামায়ণ হয়ে উঠেছে'—আলোচনা করো।
- (ঘ) চণ্ডীমঙ্গল কাব্যধারায় কবিকঙ্কণ মুকুন্দের কৃতিত্ব আলোচনা করো।
- (ঙ) 'বাঙালীর প্রাণের কবি চণ্ডীদাস'—চণ্ডীদাসের পদাবলী আলোচনা করে মন্তব্যটি পর্যালোচনা করো।